

# 💵 আতৃ তারগীব ওয়াতৃ তারহীব

হাদিস নাম্বারঃ ১১৪

৩. ইলম বা বিদ্যা (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৬) জ্ঞানের সম্প্রচার এবং কল্যাণের পথ দেখানোর প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في نشر العلم والدلالة على الخير

## আরবী

(صحيح لغيره) وروي عن أبيْ أُمامَة رَضِيَ اللَّهُ عَنْهُمَا قالَ سَمِعْتُ رَسُوْلَ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: أَرْبَعَةٌ تَجْرِي عَلَيْهِ أُجُورُهُمْ بَعْدَ الْمَوْتِ: رَجُلٌ ماتَ مُرَابِطاً فِي سَبِيلِ اللهِ، وَ رَجُلٌ عَلَّمَ عِلْماً فأجره يجري عليه ما عمل به ، وَرَجُلٌ أجرى صَدَقَةً فَأَجْرُهَا لَهُ مَا جَرَتْ، وَرَجُلٌ تَرَكَ وَلَدًا صَالِحًا يَدْعُو لَهُ. رواه الإمام أحمد والبزار والطبراني في الكبير والأوسط

#### বাংলা

১১৪. (সহীহ্ লি গাইরিহী) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে একথা বলতে শুনেছিঃ

"চারটি আমলের ছোয়াব মৃত্যুর পরেও জারি থাকেঃ (১) যে ব্যক্তি আল্লাহর পথে সীমান্ত পাহারারত থেকে মৃত্যু বরণ করে। (২) যে ব্যক্তি (মানুষকে) এলেম শিক্ষা দেয়। তদানুযায়ী যা আমল করা হয় তার ছোয়াব তার জন্যে জারি থাকে। (৩) যে ব্যক্তি সাদকায়ে জারিয়া করে। যতদিন ঐ সাদকার উপকার জারি থাকে ততদিন ছোয়াবও তার জন্যে জারি থাকবে। (৪) যে ব্যক্তি নেক সন্তান রেখে যায়, যে তার জন্যে দু'আ করে।"

(ইমাম আহমাদ ৫/২৬১, বায্যার, ত্বাবরানী [কাবীর ও আওসাত গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন)

### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

# 🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন